২.২ সূচক এর প্রমানক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা সমবায় কার্যালয়

মঠবাড়ীয়া, পিরোজপুর।

www.cooperative.pirojpur.gov.bd



বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

## সমবায় সমিতি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

সমবায় সমিতির সদস্যদের শেয়ার ও সঞ্চয়কে লাভজনক ভাবে ব্যবসায়িক কাজে বিনিয়োগের মাধ্যমে নিজের আর্থ-সামাজিক উন্নয়ন করাই সমবায় সমিতি গঠনের মূল লক্ষ্য। কিন্তু লক্ষ করা যাচ্ছে যে, বিভিন্ন সমবায় সমিতি সদস্য/অসদস্যদের নিকট হতে আমানত সংগ্রহ করে পালিয়ে যাবার ঘটনা ঘটছে। এ কারণে সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে এবং মামলাসহ দাপ্তরিক কার্যক্রমে নানা ধরনের জটিলতা সৃষ্টি হচ্ছে। এ ধরনের ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি চিহ্নিত করে আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সমবায় অধিদপ্তর, ঢাকা এর আদেশ নং- ৪৭.৬১.০০০০.০২৩.৪০.০২৭. ২২.২৭, তারিখঃ ০১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ মূলে নিম্ন লিখিত নির্ণয়ক সমূহ নির্ধারণ করা হয়েছে। এ আদেশ জারির প্রেক্ষিতে সকল সমবায় সমিতিকে নিম্নবর্ণিত কার্যক্রম থেকে বিরত থাকার জন্য এবং এ ধরনের কার্যক্রম করে এমন সমবায় সমিতির সাথে কোন ধরনের লেনদেন না করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

## ঝুঁকি চিহ্নিত করণের নির্ণয়ক সমূহঃ

০১। সমিতির নামে ব্যাংক হিসাব না খুলে নগদ লেনদেন পরিচালনা করা;
০২। সাধারণ খতিয়ান ব্যবহার না করা;
০৩। ব্যক্তি নামে ব্যাংক হিসাব খুলে সমিতির লেনদেন পরিচালনা করা;
০৪। কর্ম এলাকার বাহিরে কার্যক্রম পরিচালনা করা;
০৫। গৃহীত আমানত/মূলধন ও বিনিয়োগের প্রকৃত তথ্য সমিতির হিসাব বহিতে লিপিবদ্ধ না করা।
০৬। সমিতিতে পৃথক হিসাব বহি ব্যবহার করা ও মূলধন বিনিয়োগের খাত গোপন করা;
০৭। মূলধনের অবক্ষয় ঘটিয়ে রাজস্ব ব্যয় নির্বাহ করা;
০৮। অতিরিক্ত ব্যয় দেখিয়ে সমিতির অর্থ আত্মসাৎ, নীট লাভ হ্রাসও মূলধনের অবক্ষয় ঘটানো;
০৯। সমিতির টাকা আইন বহির্ভূতভাবে ব্যবহার করা।
১০। মুনাফা ও লভ্যাংশ নগদে পরিশোধ না করে সঞ্চয়ে স্থানান্তর করা বা নিয়মিত পরিশোধ না করা।
১১। ব্যাংকিং কার্যক্রমের অনুরূপ বিভিন্ন নামে মেয়াদি ও স্থায়ী আমানত সংগ্রহ করা;
১২। উচ্চ মুনাফার প্রলোভন দেখিয়ে আমানত গ্রহণ করা;
১৩। আমানত সংগ্রহের জন্য সদস্য বা কর্মচারীকে কমিশন প্রদান;
১৪। সমিতির সদস্য নয় এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সঙ্গে লেনদেন করা;
১৫। একাধিক দপ্তরের নিবন্ধন নিয়ে কার্যক্রম পরিচালনা করা;
১৬। শাখা বা সুপারভাইজিং অফিস, সেবা কেন্দ্র ইত্যাদি নামে সমিতির একাধিক কার্যালয় থাকা;
১৭। পরিবারকেন্দ্রিক ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান থাকা;
১৮। আবেদন যাচাই না করেই সদস্য ভর্তি করে নামে-বেনামে ঋণ প্রদান। অস্বাভাবিক মাত্রায় সদস্য ভর্তি ও বাতিল করা;
১৯। এজিএম এর সিদ্ধান্ত বহির্ভূতভাবে বিনিয়োগ বা সম্পদ ক্রয় করা;
২০। সমিতির অর্থায়নে ব্যক্তি নামে জমি-সম্পদ ক্রয় করা;
২১। সমিতির সংক্ষিপ্ত বা বিক্ষিপ্ত নাম ব্যবহার করা ;
২২। শেয়ার বিক্রয় ব্যতীত সদস্য ভর্তি ও সঞ্চয় গ্রহণ করা;
২৩। শেয়ারের ৪০ গুণের অধিক সদস্যকে ঋণ প্রদান করা;
২৪। হঠাৎ করে সমিতির ঠিকানা পরিবর্তন করা;
২৫। ব্যবস্থাপনা কমিটি কর্তৃক উচ্চ হারে ভাতা গ্রহণ;
২৬। সাধারণ সদস্যদের উপস্থিতিতে বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন অনুষ্ঠান না করা;
২৭। নিবন্ধকের অনুমতি ব্যতীত বৃহৎ বিনিয়োগ/প্রকল্প গ্রহণ;
২৮। বিধি বহির্ভূতভাবে পরিবার ও স্বজনকেন্দ্রিক কর্মচারী নিয়োগ ও তাদের মোটা অঙ্কের পারিতোষিক প্রদান করা;
২৯। সভ্য নির্বাচনী এলাকা একাধিক উপজেলা/জেলা/বিভাগ ব্যাপী হওয়া;
৩০। সম্পদের চেয়ে দায় বেশি থাকা;
৩১। সমবায় সমিতির নামের সাথে কমার্স, ব্যাংক, ইনভেস্টমেন্ট, কমার্শিয়াল ব্যাংক, লীজিং, ফাইন্যান্সিং বা সমার্থক শব্দ ব্যবহার করা;
৩২। সমবায় বিধি মোতাবেক নির্ধারিত পরিমাণ তারল্য সংরক্ষণ না করা;
৩৩। নিবন্ধক ও মহাপরিচালক কর্তৃক প্রদত্ত বিধিবদ্ধ নিরীক্ষা, পরিদর্শন এবং তদন্ত কার্যক্রমে অসহযোগিতা করা;
৩৪। আমানতকারীদের জন্য সমিতির নামীয় চেক বই ব্যবহার করা এবং ব্যাংকের ন্যায় ক্যাশ কাউন্টারের মাধ্যমে আমানত সংগ্রহ করা;
৩৫। সম্পাদিত অডিটের উপর সংশোধনী প্রতিবেদন দাখিল না করা এবং দাখিলকৃত প্রতিবেদন নিবন্ধকের বিচেনায় যথাযথ না থাকা;

উপজেলা সমবায় অফিসার
মঠবাড়ীয়া, পিরোজপুর।

টেলিফোন ঃ ০২৪৭৮৮৯০৫৩৮, মোবাইল ঃ ০১৭১৬-৭৭৬১৬৬, ই-মেইল ঃ pirojpur@coop.gov.bd

CamScanner